দৈনিক
ইনকিলাব

তারিখ 8 JUL 2008
পৃষ্ঠা ১২ কলাম ৮

# বেসরকারী শিক্ষকরা বিএড প্রশিক্ষণের জন্য অনুদান পাবেন

তালুকদার হারুন

বিএড প্রশিক্ষণের জন্য এই প্রথমবারের মতো সরকার বেসরকারী শিক্ষকদের আর্থিক সহায়তা দিতে যাচ্ছে। প্রশিক্ষণের জন্য শিক্ষকরা ১০ হাজার টাকা অনুদান পাবেন।

বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে প্রশিক্ষণবিহীন কর্মরত শিক্ষকদের পেশাগত দক্ষতা অর্জনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট ইন সেকেন্ডারি এডুকেশন (টিকিউআই) প্রকল্পের আওতায় শিক্ষকদের এই আর্থিক সহায়তা দেবে সরকার। খবর সংশ্লিষ্ট সূত্রের। জানা গেছে, এই প্রকল্পের আওতায় ১২ মাস মেয়াদী বিএড

পৃঃ ১৮ কঃ ৫

## বেসরকারী শিক্ষকরা বিএড

*১২-এর পৃষ্ঠার পর*

কোর্স, বিএড ডিগ্রীবিহীন কর্মরত শিক্ষকদের জন্য ৩ মাস মেয়াদী সেকেন্ডারি টিচিং সার্টিফিকেট (সিটিসি) কোর্স ও সিটিসি কোর্স সম্পন্নকারী শিক্ষকদের জন্য ৯ মাস মেয়াদী বিএড কোর্স চালু করা হবে।

চলতি শিক্ষাবর্ষ থেকেই সরকারি টিটি কলেজের মাধ্যমে বিএড ডিগ্রী অর্জনের জন্য আর্থিক সহায়তা দেবে সরকার। ১২ মাস মেয়াদী বিএড কোর্সে ভর্তিকৃত শিক্ষকগণ ১০ হাজার টাকা অনুদান পাবেন। আর যেসব স্কুল থেকে শিক্ষকগণ বিএড কোর্সে ভর্তি হবেন, সেসব স্কুল ১২ মাসব্যাপী খণ্ডকালীন শিক্ষকের জন্য ১০ হাজার টাকা পাবেন। এর পাশাপাশি ৩ মাস মেয়াদী সেকেন্ডারি কোর্স সম্পন্নকারীদের বিএড প্রশিক্ষণের জন্যও আর্থিক সহায়তা দেয়া হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিএড কোর্সে ভর্তির যোগ্যতাসম্পন্ন সিটিসি কোর্স সম্পন্নকারীদের জন্য ৯ মাসব্যাপী কোর্স আগামী অক্টোবর মাস থেকেই শুরু হবে। এই কোর্সে ভর্তিকৃত শিক্ষকগণ ৬ হাজার ৫০০ টাকা অনুদান পাবেন। আর যেসব স্কুল থেকে সিটিসি সম্পন্নকারী শিক্ষকগণ ৯ মাসব্যাপী কোর্সে ভর্তি হবেন, সেসব স্কুল ওই খণ্ডকালীন সময়ের জন্য ৬ হাজার ৫০০ টাকা পাবেন।